**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 20.03.2025** **Desk in Charge : SDG**

**Time : 7-35 A.M.** **Compiling & NR :- S. BASU**

**DEO : KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্যের শিল্প ক্ষেত্রের জন্য যুগোপযোগী নানা নতুন উৎসাহ নীতি সরকার চালু করছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বিধানসভায় জানিয়েছেন।

# প্রত্যাহার করা হচ্ছে কয়েকটি ভারী শিল্পের উৎসাহ প্রকল্প সংক্রান্ত নীতি।

২/ OBC সংক্রান্ত মামলা মিটে গেলে রাজ্যে দু'তিন লক্ষ কর্মসংস্থান হবে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

৩/ রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতির অভিযোগ তুলে রাষ্ট্রপতি শাসনের দাবী করেছে বিজেপি।

৪/ রামনবমীকে কেন্দ্র করে অপ্রীতিকর ঘটনা এড়াতে কলকাতা পুলিশ প্রস্তুত বলে নগরপাল মনোজ ভার্মা জানিয়েছেন।

৫/ হাওড়ার তৃণমূল কংগ্রেস নেতা তপন দত্ত খুনের মামলায় কলকাতা হাইকোর্ট CBI-কে তদন্তের কাজ চলতি বছরের মধ্যে শেষ করার নির্দেশ দিয়েছে।

৬/ রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী ২২ তারিখ পর্যন্ত ঝড়বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

*********************************************************************

রাজ্যের শিল্প ক্ষেত্রের জন্য যুগোপযোগী নানা নতুন উৎসাহ নীতি চালু করছে রাজ্য সরকার। সেকারণে পূর্বতন বাম আমলের অপ্রাসঙ্গিক হয়ে পড়া কয়েকটি ভারী শিল্পের উৎসাহ প্রকল্প সংক্রান্ত নীতি প্রত্যাহার করে নেওয়া হচ্ছে।

বিধানসভায় গতকাল ১৯৯৩ থেকে ২০১৩ সাল পর্যন্ত বিভিন্ন সময়ে চালু হওয়া ভারী শিল্পের ৮টি উৎসাহ প্রকল্প প্রত্যাহার করতে একটি বিল আনা হয়। বিলের ওপর আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানান, ২০-২৫ বছরে পরিস্থিতি অনেক বদলে গেছে। শিল্প ক্ষেত্রে অনেক নতুন ভাবনা, আঙ্গিক যুক্ত হয়েছে। তাই সংশ্লিষ্ট সকলের মতামত নিয়ে নতুন নীতি আনা হচ্ছে। যুগোপযোগী প্রকল্প তৈরিতে কী কী রাখা দরকার, তা নিয়ে মুখ্যসচিবের নেতৃত্বে কমিটি গঠন করা হয়েছে। এক মাসের মধ্যে ওই কমিটি তাঁদের মত জানাবেন। সেই অনুযায়ী যুগোপযোগী প্রকল্প তৈরি করা হবে।

************************

ওবিসি সংরক্ষণ সংক্রান্ত আইনি জটিলতা মিটে গেলে রাজ্যে ২-৩ লক্ষ পর্যন্ত কর্মসংস্থান হবে বলে মুখ্যমন্ত্রীর মমতা ব্যানার্জি জানিয়েছেন। তিনি বলেন, অন্যান্য অনগ্রসর শ্রেণি (ওবিসি)-র সংরক্ষণের বিষয়ে নতুন করে সমীক্ষা করছে রাজ্য সরকার। সুপ্রিম কোর্টের অনুমতিক্রমে সমীক্ষার কাজও চলবে। বিধানসভায় আজ স্বাস্থ্য দফতরের বাজেট আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী , গতকাল সুপ্রিম কোর্ট-এর ওবিসি সংরক্ষণ সংক্রান্ত মামলা সম্পর্কে করা পর্যবেক্ষণকে স্বাগত জানান। তিনি বলেন এই সমস্যা পাকাপাকি মিটে গেলে শিক্ষা, স্বাস্থ্য, পুলিশ মিলিয়ে প্রায় ২-৩ লক্ষ নিয়োগ হবে। কর্মসংস্থানে বাধা সৃষ্টির অভিযোগ তুলে বিরোধীদের তীব্র সমালোচনা করে মুখ্যমন্ত্রী বলেন, নিয়োগ সংক্রান্ত বিষয়ে বারবার বিরোধীরা আদালতের দ্বারস্থ হয়ে সেটাকে আটকানোর চেষ্টা করছে।

*************************

স্বাস্থ্য ক্ষেত্রে পশ্চিমবঙ্গ বর্তমানে দেশের মধ্যে শীর্ষস্থানে রয়েছে বলে স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দাবী জানিয়েছেন। বিধানসভায় গতকাল স্বাস্থ্য বাজেটের উপর

আলোচনা শেষে মুখ্যমন্ত্রী তথ্য পরিসংখ্যান সহ স্বাস্থ্যক্ষেত্রে রাজ্যের অগ্রগতির ছবি তুলে ধরেন। তিনি বলেন, হাসপাতাল, মেডিকেল কলেজ সহ স্বাস্থ্য পরিকাঠামো, শিশু- প্রসূতি মৃত্যুর হার, সার্বিক টিকাকরণ সহ বিভিন্ন মাপকাঠিতে রাজ্যের এই অগ্রগতি বিদেশেও স্বীকৃতি পেয়েছে। কেন্দ্রীয় সরকার রাজ্যকে বিভিন্ন প্রকল্পে বঞ্চিত করলেও জনস্বাস্থ্য খাতে রাজ্য ৭০ হাজার কোটি টাকা খরচ করেছে। স্বাস্থ্য সাথী প্রকল্পের আওতায় ৯ কোটি মানুষকে পরিষেবা দেওয়া হয়েছে। এরমধ্যে এক কোটি মানুষ বেসরকারি হাসপাতালে চিকিৎসার সুযোগ পেয়েছেন। এই প্রসঙ্গে কেন্দ্রীয় সরকারের আয়ুষ্মান ভারত প্রকল্পের তীব্র সমালোচনা করেন মুখ্যমন্ত্রী। তিনি দাবি করেন, আয়ুষ্মান প্রকল্পে দেড় কোটি আবেদন মেটানো হয়নি। পাশাপাশি ওই প্রকল্পে নানা শর্ত আছে।

এর আগে জবাবি ভাষণে স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানান, বর্তমান সরকারের আমলে স্বাস্থ্য ক্ষেত্রে আমূল পরিবর্তন হয়েছে। প্রশাসনিক জেলার সংখ্যা বাড়ানোর পাশাপাশি রাজ্য সরকার পাঁচটি স্বাস্থ্য জেলা তৈরি করেছে। স্বাস্থ্য দপ্তরের বাজেট ২০১১-১২ আর্থিক বছরের ৩ হাজার ৫৮৪ কোটি টাকার তুলনায় ছয় গুনেরও বেশি বেড়ে ২১ হাজার ৩৫৪ কোটি টাকা হয়েছে। আলোচনার শেষে স্বাস্থ্য দপ্তরের বাজেট প্রস্তাব বিধানসভায় গৃহীত হয়।

*************************

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরে বিরোধী দলনেতার পদযাত্রাকে কেন্দ্র করে আজ তীব্র উত্তেজনা ছড়ায়। দুপুরে বিধানসভা ভবন থেকে দলীয় বিধায়কদের নিয়ে বারুইপুর পৌঁছন শুভেন্দু অধিকারী। সেখানে রাস মাঠ থেকে পুলিশ সুপারের অফিস পর্যন্ত পদযাত্রার কর্মসূচী ছিল বিজেপির। কিন্তু বিজেপি কর্মীরা সেখানে পৌঁছনোর আগে থেকে রাস্তার দু পাশে জমায়েত করেন তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকরা। চোর স্লোগান দেওয়ার পাশাপাশি দেখানো হয় কালো পতাকা। চরম বিশৃঙ্খলার মধ্যে বিজেপির কর্মসূচী সংক্ষিপ্ত করা হয়। এসপি অফিসের বদলে বিজেপির জেলা কার্যালয়ে শেষ হয় পদযাত্রা। শুভেন্দুবাবু বলেন, বিজেপির সভা বানচাল করতেই শাসকদল পরিকল্পিতভাবে বিশৃঙ্খলার সৃষ্টি করেছে। তিনি রাজ্যে রাষ্ট্রপতি শাসনের দাবি তোলেন।

*************************

তপশীলি জাতি, উপজাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণীর মানুষের জন্য কংগ্রেস লড়াই করবে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার মন্তব্য করেছেন।

গতকাল নতুন দিল্লীর ইন্দিরা ভবনে দলের সর্বভারতীয় কংগ্রেস কমিটির এক বৈঠকে যোগ দিয়ে সাংবাদিকদের কাছে প্রদেশ সভাপতি বলেন, নির্বাচনের সময় এদের ভোট ব্যাংক হিসেবে ব্যবহার করা হয়। কংগ্রেস তাদের সমস্যার নিরসনে কাজ করবে। বিজেপি সংবিধানকে খর্ব করার চেষ্টা করছে বলে অভিযোগ করেছেন শুভঙ্করবাবু। বৈঠকে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে, লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী, সর্বভারতীয় কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক কে সি বেনু গোপাল, অধীর রঞ্জন চৌধুরী প্রমুখ অংশ নেন। দলের সাংগঠনিক কাঠামো মজবুত করার বিষয়ে আলোচনা হয়েছে বলে সূত্রের খবর।

*************************

রাজ্যপাল সি ভি আনন্দ বোস দিল্লি সফরে গিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে সাক্ষাৎ করেছেন। বেশ কিছু বিষয় নিয়ে তাঁদের মধ্যে কথাবার্তা হয়েছে বলে মনে করা হচ্ছে। এছাড়াও ডক্টর বোস হিমাচল প্রদেশ ও ঝাড়খন্ডের রাজ্যপালের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।

*************************

RG Kar-এর নির্যাতিতা তরুণী চিকিৎসকের ডেথ সার্টিফিকেট হাতে পেল তাঁর পরিবার। তাঁদের সোদপুরের বাড়িতে গিয়ে গতকাল চিকিৎসকের মৃত্যুর নথি দিয়ে এসেছেন রাজ্যের স্বাস্থ্য সচিব নারায়ন স্বরূপ নিগম। এতদিন ওই নথি পাননি বলে দাবী করেন তাঁরা। গতকাল সাংবাদিকদের নির্যাতিতার মা জানান, এব্যাপারে তাঁরা একাধিকবার অভিযোগ’ও জানিয়েছেন।

( বাইট- নির্যাতিতার মা )

উল্লেখ্য, গত ৯'ই আগস্ট RG Kar-এ কর্তব্যরত অবস্থায় ওই তরুণী চিকিৎসককে ধর্ষণ করে খুন করা হয়। অভিযুক্ত সিভিক ভলেন্টিয়ার সঞ্জয় রায়কে দোষী সাব্যস্ত করে আজীবন কারাদন্ডের আদেশ দেয় নিম্ন আদালত।

*************************

যাদবপুর বিশ্ব বিদ্যালয় কান্ডে পুলিশের হাতে গ্রেপ্তার সৌপ্তিক চন্দ্রের পাঁচ দিনের পুলিশ হেফাজত হয়েছে। গতকাল সিভিল ইঞ্জিনিয়ারিং-এর দ্বিতীয় বর্ষের ওই ছাত্রকে আলিপুর আদালতে তোলা হয়। তাঁর জামিনের আবেদনের বিরোধিতা করেন সরকার পক্ষের আইনজীবি।

এদিকে, এই মামলায় যাদবপুরের আরেক ছাত্রের জামিন হয়েছে। সেই রায় ফের খতিয়ে দেখার আবেদন জানিয়েছেন সরকারি আইনজীবি।

*************************

অবিলম্বে ছাত্র সংসদ নির্বাচন করানো, বিশ্ববিদ্যালয়ে ছাত্র, শিক্ষক প্রতিনিধি সহ সক্রিয়, সুগঠিত প্লেসমেন্ট ব্যুরো গঠন সহ একাধিক দাবি নিয়ে SFI-এর প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় ইউনিট অনির্দিষ্টকালের জন্য অবস্থান শুরু করেছে। বহুদিন ধরে কর্তৃপক্ষকে বিষয়টি জানানোর পাশাপাশি 'ডিন অফ স্টুডেন্টস'-এর কাছে ডেপুটেশন দেওয়ার পরেও কোনো ধরনের সদুত্তর মেলেনি বলে SFI-এর প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের ইউনিট দাবি করেছে।

*************************

রামনবমীকে কেন্দ্র করে যেন কোন রকমের অপ্রীতিকর ঘটনা এড়াতে সব ধরনের ব্যবস্থা নেওয়া হবে বলে কলকাতা পুলিশ জানিয়েছে। গতকাল কলকাতার পার্ক সার্কাস সেভেন পয়েন্টে কর্তব্যরত ট্রাফিক পুলিশদের হাতে সানগ্লাস, ছাতা, ORS, জলের বোতলের মত সামগ্রী তুলে দিয়ে পুলিশ কমিশনার মনোজ ভার্মা সাংবাদিকদের বলেন, ৬ই এপ্রিল অশান্তি ঠেকাতে কলকাতা ও ভাঙড়ে 'জিরো টলারেন্স' নীতি গ্রহণ করা

হয়েছে। ঐদিন বিভিন্ন জায়গায় পর্যাপ্ত পুলিশ মোতায়েন থাকবে বলেও পুলিশ কমিশনার জানান।

( বাইট- পুলিশ কমিশনার)

*************************

হাওড়ার তৃণমূল কংগ্রেস নেতা তপন দত্ত খুনের মামলায় কলকাতা হাইকোর্ট CBI কে তদন্তের কাজ চলতি বছরের মধ্যে শেষ করার নির্দেশ দিয়েছে। ২০১১ সালে হাওড়ায় ভোটের দিন রাতে মোটরবাইকে বাড়ি ফেরার পথে তপন দত্তকে গুলি করে হত্যা করা হয়। বালি জগাছার একটি জলাশয় ভরাটের বিরুদ্ধে প্রতিবাদ করেছিলেন তিনি।

CID প্রথমে এই মামলার তদন্তভার হাতে নেয়। এরপর হাওড়া আদালত পাঁচ অভিযুক্তকে বেকসুর খালাস করে দেয়। তপনবাবুর স্ত্রী প্রতিমা দত্ত CBI তদন্তের আর্জি জানিয়ে হাইকোর্টে মামলা দাখিল করেন। এরপরই তদন্তভার যায় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার হাতে।

*************************

উত্তর ২৪ পরগণার সন্দেশখালিতে ধৃত তৃণমূল কংগ্রেস নেতা শেখ শাজাহান সহ কয়েকজনের বিরুদ্ধে তিনটি খুনের মামলায় কি পদক্ষেপ করা হয়েছে, সে বিষয়ে রাজ্য সরকারের বক্তব্য জানতে চেয়েছে কলকাতা হাইকোর্ট। সন্দেশখালির ত্রাস বলে পরিচিত শাজাহান সহ বেশ কয়েকজন দুষ্কৃতীর বিরুদ্ধে ২০১৯ সালে তিনটি খুনের অভিযোগ ওঠে। CBI তদন্তের আবেদন জানিয়ে মামলা দায়ের হয় কলকাতা হাইকোর্টে। সেই সংক্রান্ত মামলার শুনানিতে বিচারপতি জয় সেনগুপ্ত নিম্ন আদালতে এই মামলার অগ্রগতি সম্পর্কে জানতে চান। আজ এই মামলার ফের শুনানি হতে পারে।

*************************

পুর নিয়োগ দুর্নীতি মামলায় কলকাতা হাইকোর্ট, অয়ন শীলের জামিনের আবেদন খারিজ করে দিয়েছে।  গতকাল এই মামলার শুনানিতে CBI জানিয়েছে, তদন্ত প্রক্রিয়া এখনো শেষ হয়নি। ১৭ টি পুরসভা নিয়ে তদন্ত চলছে। এক্ষেত্রে বৃহত্তর ষড়যন্ত্রের কথা

আদালতে বলেছে CBI । এরপরেই অয়ন শীলের জামিনের আর্জি খারিজ করে দেন বিচারপতি দেবাংশু বসাক।

************************

পুরুলিয়া স্টেশনে নন ইন্টারলকিং-য়ের কাজ এর জন্য আজ থেকে আগামী শনিবার পর্যন্ত বেশ কিছু ট্রেন বাতিল করা হয়েছে। যাত্রাপথ সংক্ষিপ্ত করা হয়েছে কয়েকটি ট্রেনের। বেশ কয়েকটি ট্রেনকে ঘুরপথে চালানো হবে।

এই তিনদিনই বাতিল থাকছে আদ্রা-বরকাখানা মেমু। টাটা-হাতিয়া এক্সপ্রেস পুরুলিয়ার পরিবর্তে গুণ্ডাবিহার দিয়ে ঘুরপথে চালানো হবে। আজ ও আগামীকাল বাতিল থাকছে ঝাড়গ্রাম-ধানবাদ মেমু এক্সপ্রেস। সাঁতরাগাছি-পুরুলিয়া রুপসী বাংলা এক্সপ্রেস ও খড়গপুর-রাঁচি এক্সপ্রেস আদ্রায় যাত্রা শেষ করবে ।

************************

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি এবং ঝড়বৃষ্টির অনুকূল পরিস্থিতি তৈরী হওয়ায় রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী ২২ তারিখ শনিবার পর্যন্ত বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন-

( বাইট- সৌরিশ কুমার)

************************

ভারতীয় ফুটবল দলের প্রাক্তন অধিনায়ক পদ্মশ্রী আই এম বিজয়নকে ইস্টবেঙ্গল ক্লাবের পক্ষ থেকে ‘দীপক জ্যোতি’ সন্মান প্রদান করা হবে। ফুটবল প্রশিক্ষক রঘু নন্দী এবং ক্রিকেট কোচ প্রণব নন্দীকেও দেওয়া হবে এই সন্মান।

আগামী শনিবার ইস্টবেঙ্গলের প্রাক্তন সচিব দীপক দাসের প্রয়াণ দিবসের অনুষ্ঠানে পুরস্কার তুলে দেওয়া হবে।

**************************************************************